# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তোমাদের সালাতের সময় যা তুমি দেখলে তার মধ্যবর্তী সময়ে” এর দ্বারা উদ্দেশ্য হলো সেই দিন ও আগের দিনের সালাত

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَقْتُ صَلَاتِكُمْ بَيْنَ مَا رَأَيْتُمْ) أَرَادَ بِهِ صَلَاتَهُ بِالْأَمْسِ وَالْيَوْمِ

---

আরবী

1491 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى الْأُمَوِيُّ حَدَّثَنِي أَبِي عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصُّبْحَ فَغَلَّس بِهَا ثُمَّ صَلَّى الْغَدَاةَ فَأَسْفَرَ بِهَا ثُمَّ قَالَ: (أَيْنَ السَّائِلُ عَنْ وَقْتِ صَلَاةِ الْغَدَاةِ؟ فِيمَا بَيْنَ صَلَاتِي أَمْسِ واليوم)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1491 | خلاصة حكم المحدث : حسن صحيح ـ ((صحيح أبي داود)) (420).

বাংলা

১৪৯১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্ধকারে ফজরের সালাত আদায় করেন। তারপর তিনি ফর্সা করে ফজরের সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, “সালাতের সময় সম্পর্কে প্রশ্নকারী কোথায়? গতকাল ও আজকের সালাতের মধ্যবর্তী সময় হলো সালাতের সময়।”[1]

ফুটনোট

[1] বাযযার: ৩৮০; সুনান বাইহাকী: ১/৩৭৭-৩৭৮; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১/৩১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪২০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন